



Embassy of the People's Republic of Bangladesh

6-Zemledelchesky Pereulok, Moscow 119121

Tel: +7 (499) 246 7804, Fax: +7 (499) 766 4300

E-mail: bdootmoscow@gmail.com

প্ৰেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, মস্কোতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের জন্মদিন উপলক্ষ্যে স্মরণসভা আয়োজন।

০৮ অগাস্ট ২০২০:

বাংলাদেশ দূতাবাস, মস্কো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য সহধর্মিণী এবং বাংলাদেশের মুক্তি সংগ্রামের অগ্রযাত্রায় তাঁকে নেপথ্যে অনুপ্রেরণাদাত্রী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের জন্মদিন উপলক্ষ্যে একটি স্মরণসভার আয়োজন করে।

কর্মসূচির শুরুতেই পবিত্র কোরান তেলাওয়াত করা হয়। এরপর দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। মান্যবর রাষ্ট্রদূত কামরুল আহসানের সভাপতিত্বে আয়োজিত মূল আলোচনা সভায় বক্তাগণ বঙ্গমাতার জীবনের সংগ্রাম ও ত্যাগের নানা ঘটনার অবতারণা করেন। পাশাপাশি তাঁরা বঙ্গবন্ধুর সুদীর্ঘ রাজনৈতিক জীবনের বিভিন্ন ঐতিহাসিক মুহূর্তে বঙ্গমাতার নেপথ্যের ভূমিকা সম্পর্কে আলোকপাত করেন। অনুষ্ঠানে বঙ্গমাতার জীবনের উপর নির্মিত একটি প্রামাণ্য তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

আলোচনা সভায় সভাপতির ভাষণে মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান বঙ্গমাতার জীবনের অনাড়ম্বর দিক তুলে ধরেন এবং নানা প্রতিকূল পরিবেশের মধ্য দিয়ে অতিক্রান্ত সময়ে তাঁর সুদৃঢ় ভূমিকা ও সংগ্রামের কথা আলোচনা করেন। তিনি মন্তব্য করেন যে বঙ্গমাতার জীবনের সংগ্রাম ও ত্যাগের অনেক ইতিহাস বহুদিন ধরেই সকলের দৃষ্টির আড়ালে রয়ে গিয়েছিল। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে আগামী দিনগুলোতে বঙ্গমাতার জীবন থেকে প্রেরণা নিয়ে সমাজ গঠনে নারীরা আরও বেশি এগিয়ে আসবেন।

পরিশেষে বঙ্গমাতাসহ ১৫ অগাস্ট শাহাদাৎবরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকলের আত্মার চিরশান্তি কামনা করে একটি দোয়ার আয়োজন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

